13/3/88

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

নং-হৃদরোগ/একাডেমী/১/৮২-৩৪১

১৬ই ফাল্গুন/৯৪ বাং
তারিখ—
২৯শে ফেব্রুয়ারী/৮৮ ইং

# ভর্তির বিজ্ঞপ্তি

১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকায় নিম্নলিখিত কোর্সসমূহে ভর্তি হইতে ইচ্ছুক মেডিকেল গ্রাজুয়েটদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

**ভর্তির জন্য পর্ব ও যোগ্যতা ঃ**

ক) এম. ডি (কার্ডিওলজি)-মেয়াদ ৩ বৎসর।

প্রার্থীকে অবশ্যই বাংলাদেশ মেডিকেল এণ্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোন মেডিকেল কলেজ হইতে গ্রাজুয়েট হইতে হইবে।

(১) বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ ও হাসপাতালে মেডিসিনে অন্ততঃ দুই বৎসরের রেসিডেন্সিয়াল প্রশিক্ষণ থাকিতে হইবে।

অথবা

(২) মেডিসিনে ১ বৎসরের রেসিডেন্সিয়াল প্রশিক্ষণ এবং ফ্যাকাল্টি কর্তৃক অনুমোদিত কার্ডিওলজি বিভাগে ১ বৎসরের রেসিডেন্সিয়াল প্রশিক্ষণ থাকিতে হইবে।

অথবা

(৩) এমবিবিএস পরীক্ষা পাস করার ২ বৎসর পর যে কেহ এম, ডি (কার্ডিওলজি ১ পর্বে) ভর্তির আবেদন করিতে পারিবেন। তবে প্রথম পর্ব উত্তীর্ণ হইবার পর দ্বিতীয় পর্বে যোগদানের জন্য নিম্নলিখিত প্রশিক্ষণ প্রয়োজন হইবে।

(ক) জেনারেল মেডিসিনে দুই বৎসর।

অথবা

(খ) জেনারেল মেডিসিনে ১ বৎসর।

এবং

(গ) কার্ডিওলজিতে ১ বৎসর।

উল্লেখিত প্রশিক্ষণ-এর সনদপত্র হাসপাতাল কর্তৃপক্ষের স্বাক্ষরকৃত হইতে হইবে। প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রথম পর্বে ভর্তির পূর্বে—

অথবা

প্রথম পর্বে উত্তীর্ণ হইবার পর সম্পন্ন করা যাইতে পারে।

(৪) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/পল্লী স্বাস্থ্যকেন্দ্র/পল্লী চিকিৎসালয়ে অন্ততঃ ১ (এক) বৎসর সরকারী চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থী উপরোল্লিখিত পল্লী স্বাস্থ্যকেন্দ্রে ১ (এক) বৎসর সরকারী চাকুরীর মেয়াদ পুরা না করিয়া থাকিলে তাহাকে স্বাস্থ্য সার্ভিস, বাংলাদেশের মহাপরিচালক-এর নিকট এই মর্মে বণ্ড দিতে হইবে যে, কোর্স সম্পাদনের পর পল্লী এলাকায় চাকুরীর মেয়াদ পুরা করিবেন।

প্রার্থীকে উপরোল্লিখিত ১, ২, ৩ ও ৪ নম্বর শর্তগুলি যথাযথভাবে পূরণ করিতে হইবে।

**খ) এম, এস, (কার্ডিওথোরাসিক সার্জারী) ঃ মেয়াদ-৩ বৎসর।**

১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশ মেডিকেল এণ্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোন মেডিকেল কলেজ হইতে গ্রাজুয়েট হইতে হইবে।

২) বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ ও হাসপাতালে সার্জারীতে অন্ততঃ দুই বৎসরের রেসিডেন্সিয়াল প্রশিক্ষণ থাকিতে হইবে।

অথবা

সার্জারীতে ১ বৎসরের রেসিডেন্সিয়াল প্রশিক্ষণ এবং ফ্যাকাল্টি কর্তৃক অনুমোদিত সার্জারী বিভাগে ১ বৎসরের রেসিডেন্সিয়াল প্রশিক্ষণ থাকিতে হইবে।

অথবা

৩) এমবিবিএস পরীক্ষা পাস করার ২ বৎসর পর যে কেহ (এম, এস, কার্ডিওথোরাসিক সার্জারী ১ম পর্বে) ভর্তির আবেদন করিতে পারিবেন। তবে প্রথম পর্ব উত্তীর্ণ হইবার পর দ্বিতীয় পর্বে যোগদানের জন্য নিম্নলিখিত প্রশিক্ষণ প্রয়োজন হইবে।

ক) জেনারেল সার্জারীতে দুই বৎসর—

অথবা

খ) জেনারেল সার্জারীতে ১ বৎসর

এবং

গ) কার্ডিওথোরাসিক সার্জারীতে ১ বৎসর।

উল্লেখিত প্রশিক্ষণ-এর সনদপত্র হাসপাতাল কর্তৃপক্ষের স্বাক্ষরকৃত হইতে হইবে। প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রথম পর্বে ভর্তির পূর্বে—

অথবা

প্রথম পর্বে উত্তীর্ণ হইবার পর সম্পন্ন করা যাইতে পারে।

৪) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/পল্লী স্বাস্থ্যকেন্দ্র/পল্লী চিকিৎসালয়ে অন্ততঃ ১ (এক) বৎসর সরকারী চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থী উপরোল্লিখিত পল্লী স্বাস্থ্যকেন্দ্রে ১ (এক) বৎসর সরকারী চাকুরীর মেয়াদ পুরা না করিয়া থাকিলে তাহাকে স্বাস্থ্য সার্ভিস বাংলাদেশের মহাপরিচালক-এর নিকট এই মর্মে বণ্ড দিতে হইবে যে, কোর্স সম্পাদনের পর পল্লী এলাকায় চাকুরীর মেয়াদ পুরা করিবে।

প্রার্থীকে উপরোল্লিখিত ১, ২, ৩ ও ৪ নম্বর শর্তগুলি যথাযথভাবে পূরণ করিতে হইবে।

**গ) ডিপ্লোমা-ইন-কার্ডিওলজি ঃ মেয়াদ-১ বৎসর।**

১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশ মেডিকেল এণ্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোন মেডিকেল কলেজ হইতে গ্রাজুয়েট হইতে হইবে।

২) বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ ও হাসপাতালে মেডিসিনে অন্ততঃ ১ বৎসরের রেসিডেন্সিয়াল প্রশিক্ষণ থাকিতে হইবে। এই প্রশিক্ষণের সমর্থনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে গৃহীত সার্টিফিকেট পেশ করিতে হইবে।

ঘ) উপরোক্ত প্রশিক্ষণ থাকিলে প্রাইভেট ডাক্তারগণও আবেদন করিতে পারিবেন।

ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক ২টি চরিত্রগত সনদপত্র দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

চ) প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং এমবিবিএস (সকল পেশাগত পরীক্ষার) সনদপত্র ও মার্কশীটের ফটোকপিসহ ৫ই এপ্রিল '৮৮ তারিখের মধ্যে পরিচালক ও অধ্যাপক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকার অফিসে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাইতেছে।

ছ) সরকারী ডাক্তারদিগকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

জ) ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্যান্য বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদেরকে ভর্তির সময় মাইগ্রেশন সার্টিফিকেট অবশ্যই দাখিল করিতে হইবে।

ঝ) প্রার্থীদেরকে সাক্ষাতের সময়ে অবশ্যই মূল সার্টিফিকেট সংগে আনিতে হইবে।

ঞ) প্রার্থীদের ভর্তি পরীক্ষার কোন প্রকার ইন্টারভিউ কার্ড ইস্যু করা হইবে না।

ট) ভর্তি পরীক্ষা নিম্নলিখিত তারিখে অনুষ্ঠিত হইবে ঃ

(১) এম, ডি, (কার্ডিওলজি) ঃ ৯ই ও ১০ই এপ্রিল, ১৯৮৮ ইং সকাল ৮টা।

(২) এম, এস, (কার্ডিওথোরাসিক সার্জারী) ঃ ৯ই ও ১০ই এপ্রিল, ১৯৮৮ ইং সকাল ৮টা।

(৩) ডিপ্লোমা-ইন-কার্ডিওলজি ঃ ৯ই ও ১০ই এপ্রিল, ১৯৮৮ ইং সকাল ৮টা।

ঠ) নিম্নস্বাক্ষরকারীর অফিস হইতে নগদ ৪০/- (চল্লিশ) টাকা (অফেরৎযোগ্য) প্রদান পূর্বক আবেদনপত্রের ফরম সংগ্রহ করিতে হইবে।

ডিএফপি-(স)৩২৫৭/৭-৩

(ব্রিগেডিয়ার (অবঃ) আবদুল মালিক)
পরিচালক ও অধ্যাপক।

GC-967